

## যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৫৭

১/ বিবিধ

আরবী

كان أحب الريحان إليه الفاغية

ضعيف

رواه الطبراني في "المعجم الكبير" (1 / 37 / 1) والعقيلي في "الضعفاء" (250) والبيهقي في "الشعب" (1 / 214 / 2) عن سليمان أبي داود عن عبد الحميد ابن قدامة عن أنس مرفوعا. وقال: "قال البخاري: لا يتابع عليه". يعني عبد الحميد هذا. ونقل المناوي عن ابن القيم أنه قال: "الله أعلم بحال هذا الحديث، فلا نشهد على رسول الله صلى الله عليه وسلم بما لا نعلم صحته". قلت هذا كلام جميل متين، ليته كان ملتزما من كل المؤلفين وفي كل الأحاديث، وهو في كتابه القيم "زاد المعاد" وسكت عن الحديث المعلقان عليه (4 / 349) ولا خرجاه كما هي عادتهما في كثير من - إن لم أقل: أكثر - أحاديثه

বাংলা

১৭৫৭। তার নিকট সর্বাপেক্ষা পচন্দনীয় গন্ধ ছিল গাছ হতে তৈরিকৃত সুগন্ধি।

হাদিসটি দুর্বল।

এটিকে ত্বারানী ‘আলমুজামুল কাবীর’ গ্রন্থে (১/৩৭/১), ওকাইলী ‘আয়যুয়াফা’ গ্রন্থে (২৫০) ও বাইহাকী ‘আশশুয়াব’ গ্রন্থে (১/২১৪/২) সুলাইমান আবু দাউদ হতে, তিনি আব্দুল হামীদ ইবনু কুদামাহ হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

বাইহাকী বলেনঃ ইমাম বুখারী বলেনঃ আব্দুল হামীদের কেউ মুতাবায়াত করেননি ।

আর মানবী ইবনুল কাইয়িমের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন যে, তিনি বলেনঃ এ হাদীসের অবস্থা সম্পর্কে আল্লাহই বেশী ভালো জানেন । অতএব যেটির বিশুদ্ধতা সম্পর্কে জানি না সেটির ব্যাপারে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীস হিসেবে সাক্ষ্য দিব না ।

আমি (আলবানী) বলছিঃ তার এ কথা খুবই সুন্দর । কিন্তু তিনি যদি প্রতিটি হাদীসের ক্ষেত্রে এ নীতি গ্রহণ করতেন ... ।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72640>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন